

## ক্যান্টনমেন্ট বোর্ড

জালালাবাদ সেনানিবাস  
সিলেট।  
[www.jcbs.gov.bd](http://www.jcbs.gov.bd)

নং- ২৩.২২.৭০১৩.০১১.৪৭.০০১.২০-৯৯(৪)


১১ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
তারিখঃ-----  
২৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : নিরাপত্তা গ্রহণী পদে নিয়োগ আদেশ।

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস এর আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস, সিলেট পরিচালিত জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুলে-এ নিরাপত্তা গ্রহণী-এর শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী ৮২৫০-২০০১০/- টাকার স্কেলে তাকে নিয়োগ প্রদান করা হলোঃ-

### শর্তাবলী

- ১.১ চাকুরির শিক্ষানবিসকাল হবে চাকুরিতে যোগদানের তারিখ হতে এক বছর। চাকুরির শিক্ষানবিসকালে প্রয়োজনে আরো এক বছর বর্ধিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। শিক্ষানবিসকাল কোন কারণে সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরি হতে অপসারণ করতে পারবেন;
  - ১.২ চাকরি সন্তোষজনক না হলে ৩০(ত্রিশ) দিনের আগাম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে অব্যাহতি প্রদান করা যাবে। অনুরূপভাবে চাকরি থেকে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ৩০(ত্রিশ) দিনের আগাম নোটিশ অথবা ৩০(ত্রিশ) দিনের বেতন সমর্পণ করতে হবে। ইস্তফা গৃহীত হওয়ার পূর্বে বর্ণিত প্রাপ্য অর্থ ফেরত না দিলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
  - ১.৩ পুলিশ প্রতিবেদন গ্রহণের লক্ষ্যে প্রার্থী কর্তৃক পুলিশ প্রতিবেদন সম্পর্কিত ০২(দুই) প্রস্থ ফরম পূরণ পূর্বক যোগদানের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট-এর নিকট দাখিল করতে হবে। শিক্ষাগত যোগ্যতা এবং প্রাক-চরিত্র সম্পর্কিত পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে কোন নোটিশ ব্যতিরেকেই চাকরি থেকে অপসারণ করা হবে;
  - ১.৪ সংশ্লিষ্ট সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য সম্পর্কীয় ফিটনেস সার্টিফিকেট কাজে যোগদান পত্রের সংগে দাখিল করতে হবে;
  - ১.৫ সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন যে কোন ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানে এ চাকুরি বদলীযোগ্য হবে;
  - ১.৬ চাকুরির অন্যান্য শর্তাবলী ক্যান্টনমেন্ট আইন ২০১৮, ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুলস ১৯৫৪ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে;
  - ১.৭ যোগদানের সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি ০২(দুই) সেট দাখিল করতে হবে;
  - ১.৮ চাকুরিতে যোগদানের সময় নিজের এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী দাখিল করতে হবে;
  - ১.৯ চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ২.০ উপরোক্ত শর্তসমূহ আপনার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০১ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার পূর্বাঙ্কে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনানিবাস, সিলেট-এর নিকট যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচনা করে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

  
২৫-০৬-২০২০  
(মোছায়ঃ সেলিনা বানু)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
জালালাবাদ ক্যান্টনমেন্ট, সিলেট।  
ফোন : ০৮২১-২৮৭০২৩২, ৯১৭-৩১৬২ (সামরিক)  
ফ্যাক্স : ০৮২১-২৮৭০৩৬৩  
E-mail: ceo\_jalalabad@dmlc.gov.bd

জনাব মোঃ রুবেল আলী  
পিতা- মোঃ আঃ সালাম, মাতা- মোসাঃ রুবিলা  
স্থায়ী ঠিকানা- গ্রাম- গোপালহাট, ডাকঘর- বড়গাছী  
উপজেলা- পবা, জেলা- রাজশাহী-৬২১০।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

১. মহাপরিচালক  
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।
২. স্টেশন কমান্ডার  
স্টেশন সদর দপ্তর সিলেট, সিলেট সেনানিবাস  
ও  
সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস, সিলেট।

অনুলিপি : কার্যার্থে।

অফিস সুপার  
ক্যান্টনমেন্ট বোর্ড, জালালাবাদ সেনানিবাস, সিলেট।